

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 14 May, 2025

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসকে সম্মানসূচক ডি-লিট ডিগ্রি প্রদান করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি)।

বুধবার (১৪ মে) দুপুর সোয়া ২টার দিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে তাকে এ ডিগ্রি দেওয়া হয়।

ড. ইউনূসের হাতে সনদ ও ক্রেস্ট তুলে দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মুহাম্মদ ইয়াহইয়া আখতার। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে বক্তৃতা করেন প্রধান উপদেষ্টা।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রায় ৯ বছর পর অনুষ্ঠিত পঞ্চম সমাবর্তনে ২২ হাজার ৫৬০ জন গ্র্যাজুয়েটকে আনুষ্ঠানিকভাবে সনদ প্রদান করা হচ্ছে। এছাড়া ২২ জন গবেষককে পিএইচডি ও ১৭ জনকে এমফিল ডিগ্রি দেওয়া হবে। এ ছাড়া স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করা শিক্ষার্থীরা উপাচার্যের নিজ হাতে সই করা সনদও পাবেন।

সমাবর্তন অনুষ্ঠানে আরো উপস্থিত আছেন, শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার ও বিশ্ববিদ্যালয় মুঞ্জরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. এস. এম. এ. ফায়েজ।

ড. ইউনূস ডি-লিট ডিগ্রি

Generated on 27 June, 2025 04:50

URL: <https://www.timestodaybd.com/public/chittagong/2473775807>